50

দৈনিক ইত্তেফাক

তারিখ ... JAN. 1 5 1999 ...
পৃষ্ঠা: ৪ কলাম: ৫

## এপিওভুক্তির আবেদন

জয়পুরহাট জেলা সদর থানাধীন হানাইল বালিকা দাখিল মাদ্রাসা দীর্ঘদিন যাবৎ সরকারী অনুদান ছাড়াই পরিচালিত হইয়া আসিতেছে। মাদ্রাসাটি ১৯৮৯ সনে প্রতিষ্ঠিত হয় এবং '৯৫ সনে মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক মঞ্জুরি লাভ করে। ইহা অত্র এলাকায় নারী শিক্ষা বিস্তারে বিশেষ অবদান রাখিতেছে। এখানকার দাখিল চূড়ান্ত পরীক্ষায় পাসের হার ১০০%। কিন্তু দুঃখের বিষয় যে, মাদ্রাসাটি প্রতিষ্ঠার পর হইতে শিক্ষক/শিক্ষিকাগণ সরকারী অনুদানপ্রাপ্তির অপেক্ষায় আছেন। ইতিমধ্যে অনেকের চাকুরী হইতে অবসর গ্রহণের সময় হইয়াছে। এই মাদ্রাসা প্রতিষ্ঠার অনেক পরে প্রতিষ্ঠিত শিক্ষা প্রতিষ্ঠানকে ইতিমধ্যে এমপিও- ভুক্ত করা হইয়াছে। অথচ প্রয়োজনীয় শর্তপূরণ হওয়ার পরেও অত্র প্রতিষ্ঠানটিকে সরকারী অনুদানের আওতায় আনা হইতেছে। বর্তমানে শিক্ষক/শিক্ষিকাগণ তাঁহাদের পরিবার-পরিজন নিয়া মানবেতর জীবন-যাপন করিতেছেন। এমতাবস্থায় অত্র শিক্ষা প্রতিষ্ঠানটিকে অনতিবিলম্বে এমপিওভুক্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট আকুল আবেদন জানাইতেছি।

এফ, এম মোছাব্বিরুল হাসান
হানাইল বালিকা দাখিল মাদ্রাসা,
জয়পুরহাট-৫৯০০।